# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৯০) কি কি আমল করলে কবীরা ও সগীরা উভয় প্রকার গুনাহ্ মোচন হয়ে যাবে?

উত্তরঃ তাওবায়ে নাসুহা তথা অন্তর থেকে খাঁটি ও একনিষ্ঠভাবে তাওবা করার মাধ্যমে কবীরা ও সগীরা উভয় প্রকার গুনাহ্ মোচন হয়ে যাবে। আল্লাহ্ তাআ'লা বলেনঃ

(يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا تُوبُوا إِلَى اللَّهِ تَوْبَةً نَصُوحًا عَسَى رَبُّكُمْ أَنْ يُكَفِّرَ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ وَيُدْخِلَكُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ)

‘‘হে মুমিনগণ! তোমরা আল্লাহর নিকট তাওবা কর একান্ত বিশুদ্ধ তাওবা; যাতে তোমাদের প্রতিপালক তোমাদের মন্দকর্মগুলো মোচন করে দেন এবং তোমাদেরকে প্রবেশ করান জান্নাতে, যার পাদদেশে প্রবাহিত রয়েছে নদীসমূহ’’। (সূরা তাহ্রীমঃ ৮) আল্লাহ্ তাআ'লা আরো বলেনঃ

إِلَّا مَنْ تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَأُوْلَئِكَ يُبَدِّلُ اللَّهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ

‘‘কিন্তু যারা তওবা করে বিশ্বাস স্থাপন করে এবং সৎ কর্ম করে আল্লাহ তাদের গুনাহকে পূণ্য দ্বারা পরিবর্তিত করে দেবেন’’। (সূরা ফুরকানঃ ৭০) আল্লাহ্ তায়া'লা বলেনঃ

وَالَّذِينَ إِذَا فَعَلُوا فَاحِشَةً أَوْ ظَلَمُوا أَنْفُسَهُمْ ذَكَرُوا اللَّهَ فَاسْتَغْفَرُوا لِذُنُوبِهِمْ وَمَنْ يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا اللَّهُ وَلَمْ يُصِرُّوا عَلَى مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ

‘‘তারা কখনো কোন অশ্লীল কাজ করে ফেললে কিংবা কোন মন্দ কাজে জড়িত হয়ে নিজের উপর জুলুম করে ফেললে আল্লাহকে স্মরণ করে এবং নিজের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে। আল্লাহ ছাড়া আর কে পাপ ক্ষমা করবেন? তারা নিজেদের কৃত কর্মের জন্য হঠকারিতা প্রদর্শন করে না এবং জেনে শুনে তাই করতে থাকে না’’। (সূরা আল- ইমরানঃ ১৩৫) এছাড়া আরো অনেক আয়াত রয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(التوبة تجب ما قبلها)

‘‘তাওবা পূর্বের গুনাহসমূহ মোচন করে দেয়’’।[1] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ বান্দা যখন তাওব্ব করে, তখন আল্লাহ্ তার প্রতি ঐ ব্যক্তির চেয়ে অধিক খুশী হন, যে তার বাহনে আরোহন করে সফরে বের হল। বাহনের উপরেই ছিল তার খাদ্য-পানীয় ও সফর সামগ্রী। নির্জন মরুভূমির উপর দিয়ে সফর করার সময় বিশ্রামার্থে সে একটি বৃক্ষের নীচে অবতরণ করল। অতঃপর মাটিতে মাথা রেখে এক সময় ঘুমিয়ে পড়ল। ঘুম থেকে জাগ্রত হয়ে দেখল তার বাহন কোথায় যেন চলে গেছে। সে নিরাশ হয়ে একটি গাছের নীচে এসে আবার শুয়ে পড়ল। কিছুক্ষণ পর সে দেখতে পেল, তার হারানো বাহনটি সমুদয় খাদ্য-পানীয়সহ মাথার পাশে দাঁড়িয়ে আছে। বাহনটির লাগাম ধরে আনন্দে আত্মহারা হয়ে বলে উঠলঃ হে আল্লাহ! আপনি আমার বান্দা, আমি আপনার প্রভু। অতি আনন্দের কারণেই সে এত বড় ভুল করে বসেছে।[2]

## ফুটনোট

[1] - দেখুনঃ সূরা তাহরীমের ব্যাখ্যা, তাফসীরে ইবনে কাছীর, (৪/৩৯২)।

[2] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুত্ তাওবা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12004

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন